



এমপিদের ঞ্ক্ষমুক্ত গাড়ির সুবিধা বাতিলের প্রস্তাবে মন্ত্রিসভার অনুমোদন



সংসদ ভবনে মন্ত্রিসভার বৈঠক। ছবি: সংগৃহীত

দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় সংসদ সদস্যদের জন্য দীর্ঘদিন ধরে চালু থাকা ঞ্ক্ষমুক্ত গাড়ি আমদানির সুবিধা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ লক্ষ্যে ‘সংসদ সদস্য পারিতোষিক ও ভাতাদি (সংশোধন) আইন, ২০২৬’-এর খসড়া মন্ত্রিসভায় নীতিগত ও চূড়ান্ত অনুমোদন পেয়েছে। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) রাতে জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রকাশিত সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

সরকারি তথ্যে বলা হয়েছে, ১৯৭৩ সালের বিদ্যমান বিধান অনুযায়ী এমপিরা এতদিন ঞ্ক্ষ ছাড়ে গাড়ি আমদানির সুযোগ পেয়ে আসছিলেন। তবে দেশীয় ও বৈশ্বিক অর্থনৈতিক বাস্তবতা বিবেচনায় এ সুবিধা তুলে নেওয়ার প্রস্তাব উপস্থাপন করা হলে তা সর্বসম্মতভাবে অনুমোদন দেওয়া হয়। এ বৈঠকে আরও কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অধীন পূর্বাচল নতুন শহর প্রকল্প এলাকাকে প্রশাসনিক সুবিধার জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় আনার প্রস্তাব অনুমোদন করা হয়েছে। পাশাপাশি ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও ঢাকা ওয়াসার অধীনেও এলাকা অন্তর্ভুক্ত করা হবে। প্রকল্পের অংশবিশেষ—যা নারায়ণগঞ্জের রূপগঞ্জ ও গাজীপুরের কালীগঞ্জ উপজেলায় অবস্থিত—তা প্রশাসনিক সুবিধার্থে ঢাকা জেলার সঙ্গে যুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এছাড়া পুঁজিবাজার ও বিমা খাতের নিয়ন্ত্রক সংস্থাগুলোতে দক্ষ জনবল নিয়োগ সহজ করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (আইডিআরএ) চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগে সর্বোচ্চ বয়সসীমা তুলে দেওয়া হয়েছে। আগে এই সীমা যথাক্রমে ৬৫ ও ৬৭ বছর ছিল। অন্যদিকে আন্তর্জাতিক প্রেক্ষাপটের সঙ্গে সামঞ্জস্য রেখে ‘জাতীয় চা দিবস’ পালনের তারিখও পরিবর্তন করা হয়েছে। এখন থেকে প্রতি বছর ২১ মে এই দিবস পালিত হবে, যা বৈশ্বিকভাবে আন্তর্জাতিক চা দিবস হিসেবে স্বীকৃত।